



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং বিজ ৬/৩৯৫৪/ ১৫৭৬

তারিখ: ১৯/১/১৭

বিষয়: চলমান ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অভিযোগের সত্যতা যাচাইকরণ

সূত্র: ১৩/১১/২০১৬ প্রি. তারিখের আবেদন ( আইডি নং- ৮৩৪৮)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, খুলনা জেলার কয়রা উপজেলাধীন মহেশ্বরীপুর মাধ্যমিক বিদ্যালয় - এর চলমান ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অভিযোগ দাখিল হয়েছে।  
এমতাবস্থায় চলমান ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অভিযোগটির সত্যতা যাচাই পূর্বক প্রতিবেদন অবিলম্বে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল।

পত্রের ছায়াকপি সংযুক্ত ০১ (এক) পাতা

জেলা শিক্ষা অফিসার  
খুলনা

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
ফোন : ০৪২১-৬৮৬২৭  
তারিখ: ১৯/১/১৭

স্মারক নং বিজ ৬/ ৩৯৫৪/ ১৫৭৬(১-৭)

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল

- ১। জেলা প্রশাসক, খুলনা
- ২। জেলা শিক্ষা অফিসার, খুলনা
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা : কয়রা, খুলনা
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। সভাপতি, ম্যানেজিং কমিটি, মহেশ্বরীপুর মাধ্যমিক বিদ্যালয়  
ডাকঘর : মহেশ্বরীপুর, উপজেলা : কয়রা, খুলনা
- ৬। প্রধান শিক্ষক, মহেশ্বরীপুর মাধ্যমিক বিদ্যালয়  
ডাকঘর : মহেশ্বরীপুর, উপজেলা : কয়রা, খুলনা
- ৭। সংরক্ষণ নথি।

তদন্ত কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক,

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

বিষয়: খুলনা জেলার কয়রা উপজেলার মহেশ্বরীপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির  
অভিভাবক সদস্য এবং পরবর্তীতে সভাপতি নির্বাচনে অনিয়মের তদন্ত প্রসঙ্গে।


জনাব,

যথাযথ সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, খুলনা জেলার কয়রা উপজেলার মহেশ্বরীপুর মাধ্যমিক  
বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয় গত ১৭/১০/২০১৬ তারিখে। নির্বাচনে যে  
ভোটার তালিকা প্রকাশ করা হয় তাতে ব্যাপক অনিয়ম করা হয়েছে। ভোটার তালিকায় ২৯, ৩৫,  
৫৬, ৭৮ ক্রমিকের শিক্ষার্থীরা দক্ষিণ মহেশ্বরীপুর এবং অর্জনপুর দাখিল মাদ্রাসায় অধ্যয়নরত। অথচ  
তাদের অভিভাবকদের ভোটার করা হয়েছে। ভোটার তালিকার ২৩০ ক্রমিকের শিক্ষার্থী ক্যাজুয়াল  
এবং বিবাহিত হওয়ার পরও তার পিতাকে ভোটার করা হয়েছে। এছাড়া, ভোটার তালিকার ১০১,  
১৯৯, ২০৩ ক্রমিকের শিক্ষার্থীদের বিয়ে হওয়ার পরও তাদের অভিভাবকদের ভোটার করা হয়েছে।  
কেবল ভোটার তালিকায় নয়; সভাপতি নির্বাচনেও অনিয়ম করা হয়েছে। সভাপতি পদে জনাব বিজয়  
কুমার সরদার এবং জনাব আনছার আলী কবিরের নাম প্রস্তাব করা হয়। আমরা গোপন ব্যালটের  
মাধ্যমে সভাপতি নির্বাচনের দাবি করলেও সেটি মানা হয়নি। আমাদের দাবি না মেনে কঠোরতের  
মাধ্যমে সভাপতি নির্বাচন করা হয়। এ সময় ছয়টি মামলার আসামি ইউপি সদস্য আনছার আলী  
কবিরসহ তার সাক্ষপাত্রা উপস্থিত থাকায় ভোটাররা ভয়ে তাকে সমর্থন করতে বাধ্য হন। যদি  
গোপন ব্যালটের ব্যবস্থা করা হতো তাহলে এ অবস্থার সৃষ্টি হতো না এবং নিরপেক্ষভাবে সভাপতি  
নির্বাচন হতো।

এছাড়া, বিতর্কিত এবং অনিয়মে ভরা নির্বাচনের মাধ্যমে যেসব কাগজপত্র আপনার সমীপে জমা  
দেওয়া হয়েছে সেখানেও তথ্যকতার আশ্রয় নেওয়া হয়েছে। কাগজপত্র জমা দেওয়ার সময় প্রধান  
শিক্ষককে কমিটির নির্বাচিত সদস্যদের বিরুদ্ধে কোথাও কোন মামলা বা অভিযোগ আছে কি না সেই  
মর্মে হলফনামা দেওয়ার কথা থাকলেও সেটি দেওয়া হয়নি। অথচ সভাপতি আনছার আলী কবিরের  
বিরুদ্ধে নারী নির্যাতন, একাধিক ডাকাতি, সরকারের রাজস্ব ফাঁকি দেওয়ার মামলা, বাংলাদেশ পানি  
উন্নয়ন বোর্ডের শূইচ গেট ক্ষতিগ্রস্ত করার ঘটনায় পাউবোর মামলাসহ (০৬) ছয়টি এবং অভিভাবক  
সদস্য বিধান চন্দ্র মণ্ডল ও রফিকুল ইসলামের বিরুদ্ধে (০১) একটি করে মামলা রয়েছে।

অতএব, অভিযোগটি যশোর শিক্ষাবোর্ডের কোন কর্মকর্তা দ্বারা তদন্তপূর্বক কমিটি অনুমোদন দিলে  
বিদ্যালয়টি ধ্বংসের হাত থেকে রক্ষা পাবে। ফলে, সেই ব্যবস্থা করতে মর্জি হয়।

বিনীত

  
(কুদরত-ই-এলাহী জোয়ার্দার)

আজীবন দাতা সদস্য

মহেশ্বরীপুর মাধ্যমিক বিদ্যালয়

কয়রা, খুলনা।

০১৭১৫-৭৮১ ৬৫০

তারিখ: ১৩.১১.২০১৬ ইং